কালের কণ্ঠ

তারিখ ১৮ JUN 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

### হাইকোর্টের রুল

# দপ্তরি নিয়োগে এমপিদের ক্ষমতা কেন অবৈধ নয়

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি কাম প্রহরী পদে লোক নিয়োগে সংসদ সদস্যদের ক্ষমতাচর্চা কেন সংবিধান পরিপন্থী হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। গতকাল বুধবার এ বিষয়ে দায়ের হওয়া পৃথক রিট আবেদনের ওপর প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

রুলে নীতিমালার ৭(২) অনুচ্ছেদ অনুসারে এমপিদের ক্ষমতাচর্চা কেন সংবিধান পরিপন্থী হবে না এবং এ নীতিমালা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। এ রুলের পাশাপাশি নরসিংদীর মনোহরদী উপজেলার দুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরি নিয়োগ ছয় মাসের জন্য স্থগিত করেছেন আদালত।

রিটের বিবাদীরা হচ্ছেন–শিক্ষাসচিব, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, নরসিংদীর জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মনোহরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং মো. শাখাওয়াত হোসেন নামের এক ব্যক্তি।

রিট আবেদনে বলা হয়, চলতি বছরের ২৬ জানুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আউটসোর্সিংয়ের মাধ্যমে দপ্তরি কাম প্রহরী পদে লোক নিয়োগে এমপিদের ক্ষমতা দিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় একটি নীতিমালা জারি করে। এ নীতিমালার আলোকে মনোহরদী উপজেলা শিক্ষা কর্মকর্তা ৩৫টি স্কুলের জন্য প্রহরী নিয়োগে বিজ্ঞপ্তি দেন।

এ নীতিমালার বৈধতা চ্যালেঞ্জ করে আদালতে রিট দায়ের করেন নিয়োগপ্রত্যাশী মনোহরদীর পঞ্চাশকুর গ্রামের মোহাম্মদ উল্লাহ মিঠু ও উরুলিয়া গ্রামের কাউচার মিয়া। পাশাপাশি মনোহরদীর দুটি স্কুলে নিয়োগ স্থগিত রাখারও আবেদন জানান তাঁরা।

আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী মো. শামসুল আলম কাঞ্চন। তিনি জানান, নীতিমালা নিয়ে রুল জারি করে হাইকোর্ট মনোহরদীর পঞ্চাশকুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং উরুলিয়া, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগ স্থগিত করেন।